

পথश্রী-রাস্তাশ্রী

কাজ পেয়েছেন ৩ লক্ষ জবকার্ড হোল্ডার

নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ ২৪ পরগনা:
কেন্দ্র টাকা না দেওয়ায় রাজ্যজুড়ে
১০০ দিনের কাজ বন্ধ। এর ফলে
গ্রামবাংলার কয়েক লক্ষ জবকার্ড
হোল্ডারের রুটিভিজিতে টান পড়েছে।
এই অবস্থায় রাজ্য নিজেদের উদ্যোগে
যতটা সম্ভব বিকল্প কাজের ব্যবস্থা
করছে জবকার্ড হোল্ডারদের জন্য।
তাদের রাজ্য সরকারের নিজস্ব বিভিন্ন
প্রকল্পে কাজের ব্যবস্থা করে দেওয়া
হচ্ছে। যেমন, পথশ্রী-রাস্তাশ্রী
প্রকল্পের আওতায় রাজ্যজুড়ে সড়ক
নির্মাণ ও সংস্কারের যে কাজ চলছে,
তাতেই তিন লক্ষ জবকার্ড হোল্ডার
কাজ পেয়েছেন। এই প্রকল্পেই এখন
সব থেকে বেশি জবকার্ড হোল্ডার কাজ
করছেন। অর্থবর্ষ শুরুর দু'মাসের
মধ্যেই প্রায় ১৬ লক্ষ কর্মদিবস সৃষ্টি
হয়েছে এই প্রকল্পের অধীনে। বীরভূমে
(দেড় লক্ষের মতো) সর্বাধিক জবকার্ড
হোল্ডারকে কাজ দেওয়া গিয়েছে।

এই প্রকল্পে বেশি করে জবকার্ড
হোল্ডারদের কাজ দেওয়ার জন্য স্পষ্ট
নির্দেশ ছিল মুখ্যমন্ত্রী মমতা
বন্দ্যোপাধ্যায়ের। কাজ করার দায়িত্বে
রয়েছে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ
সহ মোট পাঁচটি সংস্থা। সব থেকে বেশি
কাজ দিয়েছে পঞ্চায়েত সমিতিগুলি
(আড়াই লক্ষের বেশি)। চলতি
অর্থবর্ষের এই দু'মাসে বিভিন্ন রাজ্য
সরকারি প্রকল্প মিলিয়ে এখনও পর্যন্ত
প্রায় ৩০ লক্ষ কর্মদিবস সৃষ্টি হয়েছে বলে
সুত্রের খবর। কাজ যাঁরা পাচ্ছেন, তাঁদের
নাম নিয়মিত পোর্টালে আপলোড করে
দেওয়া হচ্ছে। ইতিমধ্যে দেড় হাজারের
মতো রাস্তার কাজের পরিদর্শন ও শেষ
হয়েছে বলে জানা গিয়েছে। পাশাপাশি,
নারী, শিশু ও সমাজকল্যাণ দপ্তরের
তরফেও ১০০ দিনের কাজের কর্মীদের
নিযুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে।
মূলত অঙ্গনওয়াড়ি কেন্দ্রের বাড়ি
তৈরির কাজেই এঁদের ব্যবহার করার
কথা বলেছে দপ্তর।